ভোরের কাগজ
তারিখ AUG 27 1999
পৃষ্ঠা ... কলাম ...

# এইচএসসির ফল প্রকাশ, পাসের হার ৫৩.৪০%

কাগজ প্রতিবেদক : এ বছর সারা দেশে ২ লাখ ৯০ হাজার ৬২৭ জন পরীক্ষার্থী উচ্চ মাধ্যমিক (এইচএসসি) পাস করেছে। পরীক্ষার্থীর মোট সংখ্যা ছিল ৫ লাখ ৪৪ হাজার ২৯১। সারা দেশে পাসের হার ৫৩ দশমিক ৪০ শতাংশ।

গতকাল বৃহস্পতিবার বিকালে দেশের পাঁচটি শিক্ষা বোর্ডের ১৯৯৯ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল একযোগে প্রকাশিত হয়েছে। গত বছরের তুলনায় এ বছর পাসের হার প্রায় সাড়ে ৭ শতাংশ বেড়েছে। গতবার এই হার ছিল ৪৬ শতাংশ।

৫ বোর্ডে উত্তীর্ণ পরীক্ষার্থীদের মধ্যে প্রথম বিভাগ পেয়েছে ৬৮ হাজার ৬৭৪ জন, দ্বিতীয় বিভাগ ১ লাখ ৭৯ হাজার ৯৫৪ জন, তৃতীয় বিভাগ পেয়েছে ২৯ হাজার ১১৭ জন এবং ১২ হাজার ৮৮২ জন বিশেষ বিবেচনায় উত্তীর্ণ হয়েছে।

প্রায় সাড়ে ৫ লাখ পরীক্ষার্থীর মধ্যে এ বছর সর্বাধিক নম্বর পেয়েছে বরিশাল ক্যাডেট কলেজের ছাত্র আবদউল্লাহ আল রেজা। ৪ বিষয়ে লেটারসহ সে মোট ৯৭২ নম্বর পেয়েছে। তার রোল নম্বর ২০২৫১৯। সে যশোর বোর্ডের বিজ্ঞান বিভাগের সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান অর্জন করেছে।

পাসের হার এ বছর সবচেয়ে বেশি চট্টগ্রাম বোর্ডে (৬৮ দশমিক ৯৩ শতাংশ) এবং সর্বনিম্ন যশোর বোর্ডে (৪২ দশমিক ৭৩ শতাংশ)। ঢাকা বোর্ডে ৫২ দশমিক ২০, কুমিল্লা বোর্ডে ৪৫ দশমিক ৪৬ এবং রাজশাহী বোর্ডে ৬১ দশমিক ৮৯ শতাংশ পাস করেছে।

ঢাকা বোর্ড : ঢাকা বোর্ডে এ বছর মোট পরীক্ষার্থী ছিল ১ লাখ ৬৬ হাজার ৫৭২ জন। এর মধ্যে পাস করছে ৮৬ হাজার ৯৫৫ জন, পাসের হার ৫২ দশমিক ২০ শতাংশ। উত্তীর্ণদের মধ্যে ২৪ হাজার ২৫৭ জন প্রথম বিভাগ, ৪৯ হাজার ৫০৪ জন দ্বিতীয় বিভাগ, ৮ হাজার ৭২৬ জন তৃতীয় বিভাগ এবং ৪ হাজার ৪৬৮ জন বিশেষ বিবেচনায় পাস করেছে। ঢাকা বোর্ডে ছেলেদের পাসের হার ৫০ দশমিক ০৮ এবং মেয়েদের ৫৫ দশমিক ৪৫ শতাংশ।

কুমিল্লা বোর্ড : কুমিল্লা বোর্ডের ৮৮ হাজার ২১৩ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৪০ হাজার ১০২ জন। পাসের হার ৪৫ দশমিক ৪৬ শতাংশ। প্রথম বিভাগে ৭ হাজার ১০৭, দ্বিতীয় বিভাগে ২৬ হাজার ৫৩০, তৃতীয় বিভাগে ৪ হাজার ৪২৮ এবং বিশেষ বিবেচনায় ২ হাজার ৩৭ জন উত্তীর্ণ হয়েছে। ছেলেদের পাসের হার ৪৪ দশমিক ২৫ এবং মেয়েদের ৪৭ দশমিক ৩৭ শতাংশ।

যশোর বোর্ড : এ বোর্ডের ৯৭ হাজার ৮৬৭ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৪১ হাজার ৮১৭ জন। এদের মধ্যে ১১ হাজার ৯৬৩ জন প্রথম বিভাগে, ২৪ হাজার ৬৮৯ জন দ্বিতীয় বিভাগে, ৩ হাজার ১৬৫ জন তৃতীয় বিভাগে এবং ২০০০ জন বিশেষ বিবেচনায় পাস করেছে। ছেলেদের পাসের হার ৪০ দশমিক ৮৮ এবং মেয়েদের ৪৫ দশমিক ৯১ শতাংশ।

রাজশাহী বোর্ড : ১ লাখ ৪৬ হাজার ৯৫৪ জন পরীক্ষার্থীর মধ্যে ৯০ হাজার ৯৫৩ জন উত্তীর্ণ হয়েছে। এর মধ্যে ২০ হাজার ৫৩৩ জন প্রথম বিভাগ, ৫৭ হাজার ৬৯৪ জন দ্বিতীয় বিভাগ, ৮ হাজার ৯৯০ জন তৃতীয় বিভাগ পেয়েছে, বিশেষ বিবেচনায় পাস করেছে ৩ হাজার ৭৩৬ জন।

চট্টগ্রাম বোর্ড : ৫ বোর্ডের মধ্যে পরীক্ষার্থীর সংখ্যা সর্বনিম্ন হলেও পাসের হারে চট্টগ্রাম বোর্ডে সর্বোচ্চ। ৪৪ হাজার ৬৮৫ জন পরীক্ষার্থীর মধ্যে উত্তীর্ণ হয়েছে ৩০ হাজার ৮০০ জন। এদের মধ্যে ৪ হাজার ৮১৪ জন প্রথম বিভাগে, ২১ হাজার ৫৩৭ জন দ্বিতীয় বিভাগে, ৩ হাজার ৮০৮ জন তৃতীয় বিভাগে এবং ৬৪১ জন বিশেষ বিবেচনায় পাস করেছে।

● ফলাফল বিশ্লেষণ -পৃষ্ঠা ১২/মেধাবী মুখ -পৃষ্ঠা ১২/● ৫ বোর্ডের মেধা তালিকা -পৃষ্ঠা ৬

**এক নজরে ৫ বোর্ডের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল ১৯৯৯**

| বোর্ড | পরীক্ষার্থী | প্রথম বিভাগ | দ্বিতীয় বিভাগ | তৃতীয় বিভাগ | বিবেচনায় পাস | মোট উত্তীর্ণ | পাসের হার |
|---|---|---|---|---|---|---|---|
| ঢাকা | ১৬৬৫৭২ | ২৪২৫৭ | ৪৯৫০৪ | ৮৭২৬ | ৪৪৬৮ | ৮৬৯৫৫ | ৫২.২০ |
| কুমিল্লা | ৮৮২১৩ | ৭১০৭ | ২৬৫৩০ | ৪৪২৮ | ২০৩৭ | ৪০১০২ | ৪৫.৪৬ |
| যশোর | ৯৭৮৬৭ | ১১৯৬৩ | ২৪৬৮৯ | ৩১৬৫ | ২০০০ | ৪১৮১৭ | ৪২.৭৩ |
| রাজশাহী | ১৪৬৯৫৪ | ২০৫৩৩ | ৫৭৬৯৪ | ৮৯৯০ | ৩৭৩৬ | ৯০৯৫৩ | ৬১.৮৯ |
| চট্টগ্রাম | ৪৪৬৮৫ | ৪৮১৪ | ২১৫৩৭ | ৩৮০৮ | ৬৪১ | ৩০৮০০ | ৬৮.৯৩ |
| মোট | ৫৪৪২৯১ | ৬৮৬৭৪ | ১৭৯৯৫৪ | ২৯১১৭ | ১২৮৮২ | ২৯০৬২৭ | ৫৩.৪০ |




মা-বাবার সঙ্গে যশোর বোর্ডে মানবিক বিভাগের মেধা তালিকায় প্রথম ইনতেছার আলম ইমন (বাঁয়ের ছবি)। মায়ের সঙ্গে কুমিল্লা বোর্ডের বিজ্ঞান বিভাগের সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান অর্জনকারী মালিহা সুলতানা (ডানের ছবি) —ভোরের কাগজ